# অভিবাসী শ্রমিকদের অধিকার

## শ্রমিকদের অধিকার এবং নিয়োগকর্তাদের বাধ্যবাধকতাগুলি বুঝুন

নিউ ইয়র্ক স্টেটে থাকা শ্রমিকদের - তাদের অভিবাসন অবস্থা নির্বিশেষে - অধিকার রয়েছে। স্টেটের আইন শ্রমিকদের প্রয়োজনীয় ন্যূনতম মজুরি পাওয়ার অধিকার অন্তর্ভুক্ত করে এবং তাদের নিয়োগকর্তাদের অবৈধ কর্মকাণ্ডের বিষয়ে অভিযোগ করার জন্য নিয়োগকর্তাদের দিক থেকে তাদের শ্রমিকদেরকে শাস্তি দেওয়া নিষিদ্ধ করে।

অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল (OAG) এ, আমরা শ্রমিকদের বিরুদ্ধে বৈষম্য এবং প্রতিশোধমূলক আচরণ হওয়ার দাবিগুলিকে, তাদের অভিবাসনগত মর্যাদা নির্বিশেষে গুরুত্ব দেই। নিউ ইয়র্কের শ্রম আইন লঙ্ঘনের ঘটনাগুলির অভিযোগ আমাদের অফিসে রিপোর্ট করুন।

একটি শ্রম আইন লঙ্ঘনের অভিযোগ করুন

## অভিবাসী শ্রমিকদের কী কী আইনি অধিকার রয়েছে?

একজন শ্রমিকের অভিবাসন অবস্থা যাই হোক না কেন, নিউ ইয়র্ক স্টেট এবং স্থানীয় আইন শ্রমিকদের নিম্নলিখিত অধিকার প্রদান করে, যার মধ্যে রয়েছে:

- ন্যূনতম মজুরি এবং ওভারটাইমের বেতন
- একজন নিয়োগকর্তা শ্রমিকটিকে যে পরিমাণ বেতন দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন তা পাওয়ার অধিকার
- পারিবারিক এবং চিকিৎসাগত ছুটি
- ওয়ার্কারস কম্পেনসেশন ইনস্যুরেন্স
- বৈষম্য এবং হয়রানিমুক্ত একটি কর্মক্ষেত্র
- প্রতিশোধমূলক আচরণ (অভিযোগ করার জন্য শাস্তি) থেকে সুরক্ষা পাওয়া

## একজন নিয়োগকর্তা কি একজন শ্রমিককে তাদের কাজের অনুমোদন যাচাই করার জন্য অনুরোধ করতে পারেন?

নিয়োগকর্তারা যখন কোনো শ্রমিককে নিয়োগ করেন তখন তাকে কাজের প্রাধিকারদানের নথিপত্র দেবার জন্য অনুরোধ করতে হয়। একজন নিয়োগকর্তা নিম্নলিখিত পরিস্থিতিতে একজন শ্রমিককে তাদের কাজের প্রাধিকারদান পুনঃযাচাই করার জন্য অনুরোধ করতে পারেন:

- যখন শ্রমিকটির অনুমোদনের মেয়াদ শেষ হয়ে গিয়েছে অথবা মেয়াদ শেষ হতে চলেছে
- যদি নিয়োগকর্তাটির বিশ্বাসযোগ্য কারণ জানা থাকে যে শ্রমিকটির জমা দেওয়া আসল কাজের প্রাধিকারদানটি ভুল

নিউ ইয়র্ক আইনের অধীনে, নিয়োগকর্তারা বর্ণ, জাতীয় উৎস, নাগরিকত্ব বা অভিবাসন অবস্থার ভিত্তিতে শ্রমিকদের হয়রানি বা তাদের প্রতি বৈষম্য করতে পারবেন না।

এছাড়াও, একজন নিয়োগকর্তা সম্পূর্ণ শ্রমশক্তি বা শ্রমশক্তির অংশের জন্য কাজের প্রাধিকারদানের নথিপত্রের অডিটগুলি পরিচালনা করতে পারেন। তবে, তাদের নমুনা নির্বাচন করার জন্য অবশ্যই নিরপেক্ষ এবং বৈষম্যহীন মানদণ্ড ব্যবহার করতে হবে। যদি তারা তা না করে, তাহলে কাজের অনুমোদনের পুনঃপ্রাধিকারদানের অনুরোধ বৈষম্যমূলক বা হয়রানিমূলক হতে পারে। উদাহরণস্বরূপ, একজন নিয়োগকর্তা শ্রমিকদের বৈধ কার্যকলাপের বিরুদ্ধে প্রতিশোধ নিতে বা শাস্তি দেওয়ার জন্য শ্রমিকদের অডিট পরিচালনা করতে বা অডিট করার হুমকি দিতে পারবেন না যেমন শ্রমিকদের প্রচেষ্টা সংগঠিত করা বা শ্রমিকদের কাজের পরিবেশ সম্পর্কে অভিযোগ করা।

## প্রতিশোধমূলক আচরণ কী?

প্রতিশোধমূলক আচরণ তখন হয়েছে বলা যায় যখন একজন নিয়োগকর্তা কোনো শ্রমিককে একটি সংরক্ষিত কার্যকলাপে জড়িত থাকার জন্য শাস্তি দেওয়ার জন্য কিছু করেন। এই ধরনের সংরক্ষিত কার্যকলাপের মধ্যে রয়েছে:

- নিউ ইয়র্ক শ্রম আইন লঙ্ঘনের অভিযোগ করা, যার মধ্যে রয়েছে ন্যূনতম মজুরি বা ওভারটাইম বেতন না দেওয়া, নিয়োগকর্তা যে পরিমাণ অর্থ প্রদানের প্রতিশ্রুতি দিয়েছেন তা না দেওয়া অথবা সবেতন অসুস্থতাজনিত ছুটি না পাওয়া
- নিউ ইয়র্ক স্টেট হিউমেন রাইটস ল লঙ্ঘনের অভিযোগ করা, যেমন অভিবাসন অবস্থা, নাগরিকত্ব, বর্ণ বা জাতীয় উৎসের ভিত্তিতে বৈষম্য বা হয়রানি করা
- ওয়ার্কারস কম্পেনসেশন দাবি করা
- মজুরি না দেওয়া, বৈষম্য বা কর্মক্ষেত্রের নিরাপত্তা সম্পর্কে অভিযোগ দায়ের করা বা তদন্তে অংশগ্রহণ করা

## অপরিশোধিত মজুরি, বৈষম্য, হয়রানি বা কর্মক্ষেত্রের নিরাপত্তা সংক্রান্ত সমস্যা সম্পর্কে অভিযোগ করার জন্য অভিবাসী শ্রমিকদের বিরুদ্ধে নিয়োগকর্তার প্রতিশোধমূলক আচরণের কিছু উদাহরণ কী কী?

নিয়োগকর্তারা নিম্নলিখিত কাজগুলি করে বা করার হুমকি দিয়ে শ্রমিকদের বিরুদ্ধে অবৈধভাবে প্রতিশোধমূলক পদক্ষেপ নিয়েছেন:

- আইন বলবৎকরণ কর্মকর্তা বা অভিবাসন কর্মকর্তাদের ডেকে আনা
- কর্মচারীদের বরখাস্ত করা বা তাদের বেতন আটকে রাখা
- কর্ম ঘন্টা কমানো বা শ্রমিকদেরকে কাজে আসার জন্য খুব খারাপ সময়সূচী দেওয়া
- কর্মচারীদের পদাবনতি ঘটানো বা বদলি করা
- শ্রমিকদের আরো কঠোর ডিউটি বরাদ্দ করা বা তাদের কাছে আরো বেশি উৎপাদন করার দাবি করা
- নিয়োগকর্তার প্রদত্ত আবাসন থেকে শ্রমিকদের উচ্ছেদ করা

## কোনো নিয়োগকর্তা যদি কোনো শ্রমিকের বিষয়ে অভিবাসন কর্মকর্তাদের কাছে রিপোর্ট করেন তাহলে তা কি তা অবৈধ প্রতিশোধমূলক আচরণ?

হ্যাঁ – যদি নিয়োগকর্তা কর্মচারীর বিষয়ে অভিবাসন কর্মকর্তাদের কাছে এই কারণে অভিযোগ করেন যে কর্মচারীটি কোনো সংরক্ষিত কার্যকলাপে জড়িত ছিলেন, যেমন মজুরি আইনগুলি লঙ্ঘনের বিষয়ে অভিযোগ করা।

## যদি কোনো নিয়োগকর্তা অবৈধভাবে কোনো শ্রমিকের বিরুদ্ধে প্রতিশোধমূলক পদক্ষেপ নেন, তাহলে কী শাস্তি হতে পারে?

নিয়োগকর্তাকে কর্মচারীর জন্য ক্ষতিপূরণ দিতে হতে পারে, যার মধ্যে $20,000 পর্যন্ত ক্ষতিপূরণ দেওয়াও অন্তর্ভুক্ত। নিয়োগকর্তাকে $20,000 পর্যন্ত জরিমানাও দিতে হতে পারে। নিয়োগকর্তাটি একটি ক্লাস B ধরনের অপকর্মের জন্যও দোষী হতে পারেন।

## নিয়োগকর্তার উপরে কর্মক্ষেত্রে ঘৃণাজনিত অপরাধ সম্পর্কিত আইন কীভাবে প্রযোজ্য হয়?

স্টেট ঘৃণাজনিত অপরাধ আইন মানুষকে তাদের বর্ণ, উৎপত্তি বা নাগরিকতার ভিত্তিতে সহিংসতা, হুমকি এবং হয়রানি থেকে রক্ষা করে। এছাড়াও, কেবল বর্ণ, জাতীয় উৎস বা বংশের কারণে পুলিশে রিপোর্ট করা ঘৃণাজনিত অপরাধ আইন লঙ্ঘন বিষয়ক ঘটনা।

কোনো নিয়োগকর্তা যদি অভিবাসী শ্রমিকদের বিরুদ্ধে সহিংসতা করেন, হুমকি দেন, হয়রানি করেন অথবা তাদের জাতীয় উৎসের কারণে তিনি অপরাধ করেছেন বলে বিশ্বাস করার কারণ ছাড়াই পুলিশে অভিযোগ করেন, তাহলে তিনি ফৌজদারি ও দেওয়ানি শাস্তির সম্মুখীন হতে পারেন। দ্রষ্টব্য: একটি সাধারণ নিয়ম হিসাবে, কোনো নথিপত্র না থাকা ব্যক্তির জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে থাকা অপরাধ নয়।

## কোন নিউ ইয়র্ক স্টেট এবং স্থানীয় সরকারের এজেন্সিগুলি অভিবাসী শ্রমিকদের সাথে অবৈধ আচরণের অভিযোগ নিরসন করে?

এই সরকারি এজেন্সিগুলি নিম্নলিখিত ধরনের অভিযোগ নিরসন করতে পারে:

**অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল (OAG)**

**https://ag.ny.gov/file-complaint/employment**

*অপরিশোধিত মজুরি, অসুস্থতাকালীন ছুটি প্রদানে ব্যর্থতা, ওয়ার্কারস কম্পেনসেশন পাওয়ার সুবিধার ব্যবহারে নিরুৎসাহিত করা, বৈষম্য, হয়রানি, প্রতিশোধমূলক আচরণ, শ্রমিক পাচার এবং অন্যান্য কর্মক্ষেত্রের সমস্যা; ঘৃণাজনিত অপরাধ আইনের দেওয়ানি ধরনের লঙ্ঘন*

**নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ লেবার**

**https://dol.ny.gov/contact-dol**

*অপরিশোধিত মজুরি, অবৈধ ভাবে বেতন কাটা, মজুরির পরিপূরক, ন্যূনতম মজুরি, ওভারটাইম, প্রতিশোধমূলক আচরণ এবং অন্যান্য কর্মক্ষেত্রের সমস্যা*

**নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ লেবার - পাবলিক এমপ্লয়ি সেফটি অ্যান্ড হেলথ (PESH)**

**https://dol.ny.gov/public-employee-safety-health**

*নিউ ইয়র্ক স্টেটের সমস্ত সরকারি কর্মচারীদের পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা*

**নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউমেন রাইটস**

**https://dhr.ny.gov/complaint**

*কর্মসংস্থানগত বৈষম্য এবং প্রতিশোধমূলক আচরণ*

**নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি ডিসেবিলিটি অ্যান্ড অ্যাসিসট্যান্স - উদ্বাস্তু বিষয়ক পরিষেবাসমূহ**

https://otda.ny.gov/programs/bria/trafficking.asp

*মানব পাচারের শিকার ব্যক্তিদের সহায়তা সম্পর্কিত তথ্য*

**নিউ ইয়র্ক সিটি কমিশন অন হিউম্যান রাইটস**

**https://www.nyc.gov/site/cchr/about/contact-us.page**

*কর্মসংস্থানগত বৈষম্য এবং প্রতিশোধমূলক আচরণ (নিউ ইয়র্ক সিটি)*

**নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যান্ড ওয়ার্কার প্রোটেকশন**

**https://www.nyc.gov/site/dca/about/contact-us.page**

*সবেতন অসুস্থতাজনিত ছুটি (নিউ ইয়র্ক সিটি)*

## কোনো বিনামূল্যে আইনি পরিষেবা কি পাওয়া যায়?

আপনি বিনামূল্যে আইনি সহায়তার জন্য এই ওয়েবসাইটটি অনুসন্ধান করতে পারেন:

**ল হেল্প NY**

https://www.lawhelpny.org

*বিনামূল্যে প্রাপ্ত আইনি সংস্থান সম্পর্কে তথ্য*

**দ্রষ্টব্য। এই নির্দেশিকা শুধুমাত্র সাধারণ তথ্য জানার জন্য ব্যবহার্য, এটি কোনো আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সাথে পরামর্শ করুন।**